

স্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

বাংলা (দ্বিতীয় পত্র)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৮০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : উত্তরের শব্দসীমা ২৫০ থেকে ৩০০) :

১৮×২=৩৬

- ক) আমেরিকার গঠনমূলক ভাষাবিজ্ঞান চর্চায় ফ্রানজ বোয়াস এবং এডওয়ার্ড সাপির-এর ভূমিকা নিয়ে সংক্ষেপে একটি নিবন্ধ রচনা করুন।
- খ) ধ্বনিকল্প ও ধনিবিকল্প নিরূপণের পদ্ধতি নিয়ে আলোচনা করুন।
- গ) মধ্যযুগ ও প্রাক-আধুনিক যুগে ভাষাবিজ্ঞান চর্চা যাঁরা করেছিলেন তাঁদের সেই চর্চার সাধারণ পরিচয় দিন।
- ঘ) বিজ্ঞানের অন্যান্য শাখায় মতোই ভাষাবিজ্ঞান নিত্য প্রগতিশীল ও সদা সক্রিয় একটি বিদ্যা—আলোচনা করুন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (উত্তরের শব্দসীমা ১০০ থেকে ১৫০) :

১২×৩=৩৬

- ক) উদাহরণসহ আলোচনা করুন :
পূর্ণযোগমূলক ভাষা, আংশিক সংযোগমূলক ভাষা, যৌগিক ভাষা।
- খ) বাংলা ব্যঞ্জন শ্রেণিকরণের মাপকাঠিগুলি উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন।
- গ) রূপ কাকে বলে? মুক্তরূপ ও বদ্ধরূপ উদাহরণসহ আলোচনা করুন।

- ঘ) বাংলা প্রথাগত ব্যাকরণে সংস্কৃতব্যাকরণ ও ইংরেজি ব্যাকরণের প্রভাব নির্ণয় করুন।
- ঙ) বর্ণনামূলক ভাষাতত্ত্ব ও সংবর্তনী-সঞ্জননী ভাষাতত্ত্বের তুলনামূলক আলোচনা করুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৭×৪=২৮
- ক) উপভাষা কাকে বলে আলোচনা করে ক্ষেত্রসমীক্ষা, পারস্পরিক বোধগম্যতা সম্পর্কে সূত্রাকারে আলোচনা করুন।
- খ) ভাষাসংস্কারের বিভিন্ন দিক নির্দেশ করুন।
- গ) পরিভাষা নির্মাণের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করে পরিভাষা নির্মাণের ক্ষেত্রে কোন্ দিকগুলি দেখা দরকার বলে আপনার মনে হয় সে বিষয়ে আলোচনা করুন।
- ঘ) ভারতীয় অলংকারশাস্ত্রে 'রস' বলতে কী বোঝানো হয়েছে? 'রস' সৃষ্টিতে কী অলংকার এবং রীতির কোনো ভূমিকা নেই?
- ঙ) নব্য ক্লাসিকাল (Neo-classical) সাহিত্যবিচারের স্বরূপ নির্ণয় করুন।